

স্মারক নং-০৩.০৮.০০০০.৮০৫.০৭.০০১.১৭-১১১১

তারিখ: ০৮ চৈত্র ১৪২৪
২২ মার্চ ২০১৮


বিষয়: 'এসডিজি-ট্র্যাকার' সিস্টেমে ডাটা প্রদানের নিমিত্ত একজন ডাটা প্রদানকারী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে এসডিজি'র বাস্তবায়ন পরিবীক্ষণের উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম 'এসডিজি-ট্র্যাকার' নামে একটি অনলাইন মনিটরিং সিস্টেম তৈরি করেছে। জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনের একটি গুরুত্বপূর্ণ সাইড ইভেন্টে মাননীয় প্রধানমন্ত্রী উক্ত সিস্টেমটি উদ্বোধন করেছেন যা, বিশ্ব ফোরামে বাংলাদেশের ভাবমূর্তিকে উজ্জ্বল করেছে।

২। এ কথা অনস্বীকার্য যে, যথাযথ উপাত্ত ছাড়া যথাযথ সিদ্ধান্ত গ্রহণ কখনই সম্ভব নয়। ফলে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহের এসডিজি-ট্র্যাকার সিস্টেমে যথাসময়ে সঠিক ডাটা প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরসমূহ কর্তৃক একজন ডাটা প্রদানকারী মনোনয়ন করা জরুরি যিনি তাঁর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তাঁর অনুকূলে বরাদ্দকৃত ইউজার আইডি ও পাসওয়ার্ডের মাধ্যমে এসডিজি ট্র্যাকার সিস্টেমে ডাটা এন্ট্রি করবেন।

৩। বর্ণিতাবস্থায়, বাংলাদেশে এসডিজি'র যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে এসডিজি-ট্র্যাকার সিস্টেমে ডাটা প্রদানের জন্য একজন কর্মকর্তাকে (উপসচিব/উপসচিব পদমর্যাদার নিম্নে নয়) মনোনয়ন প্রদান করে তাঁর নাম, পদবী, সংস্থা, পরিচিতি নং, ই-মেইল ও মোবাইল ফোন নম্বরসহ আগামী ১২ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত ই-মেইল ঠিকানায় সরাসরি প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কোনো মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা চাইলে তাদের এসডিজি ফোকাল পয়েন্টকে ডাটা প্রদানকারী হিসেবে মনোনয়নের প্রস্তাবও প্রেরণ করতে পারেন।

বিষয়টি অতীব জরুরি।


কবির বিন আনোয়ার
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই

বিতরণঃ

১. সিনিয়র সচিব/সচিব.....**মার্ব্যাক ও উচ্চ শিক্ষা**.....মন্ত্রণালয়/বিভাগ।
২. চেয়ারম্যান/মহাপরিচালক.....
৩.

অনুলিপি: সদয় অবগতির জন্য

১. মুখ্য সমন্বয়ক (এসডিজি'স) মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
(মুখ্য সমন্বয়ক (এসডিজি'স) মহোদয়ের সদয় অবগতির জন্য)

যোগাযোগ ও নামের প্রস্তাব প্রেরণ:

জনাব মো: মামুনুর রশীদ ভূঞা, ই-সার্ভিস স্পেশালিস্ট (উপসচিব), এটুআই প্রোগ্রাম, মোবাইল: ০১৭১১-৫৭২০৩০

ই-মেইল: mamun329@gmail.com